

সি. মন্ত্রীর কার্যালয়  
মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
১১-১২, ইস্কাটনগার্ডেন, রমনা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
১১-১২, ইস্কাটনগার্ডেন, রমনা, ঢাকা।

মন্ত্রণালয়	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্তৃপক্ষ	সচিব
তারিখ	২৪/১০/২০১৯
স্মারক নং	১৪৩৭
পরিচালক	(A) DD(A)

স্মারক নং : ৪৯.০০.০০০০.০৩৯.০০.১৩৫.২০১৯- ২৭৫

তারিখ : ০৯/১০/২০১৯

বিষয় : মন্ত্রী মহোদয়ের অনানুষ্ঠানিক পত্র জারী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কে নির্বাচনী ইশতেহার ২০১৮ ঘোষণাকালে মাননীয় মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দেন যে, “ প্রতিটি উপজেলা হতে বছরে গড়ে ১০০০ জন যুব ও যুব মহিলাকে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে”।

০২। এ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ মহোদয় দেশের সকল উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারগণকে নিরাপদ, নিয়মিত ও শোভন অভিভাসন নিশ্চিত করার লক্ষ্যে সাহায্য সহযোগিতা চেয়ে অনানুষ্ঠানিক পত্র লিখেছেন। তাঁর অনানুষ্ঠানিক পত্রসমূহ আপনার কার্যালয়ে জেলা কর্মসংস্থান জনশক্তি অফিস/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার এর প্রতিনিধির মাধ্যম আপনার কার্যালয়ে পৌঁছানো হয়েছে। যে সব উপজেলা নির্বাহী অফিসার পত্রসমূহ এখনো পান নাই তাদের কার্যালয়ে শীঘ্রই পৌঁছে যাবে।

০৩। উপজেলার ১ টি খামে ৪টি পত্রসহ জনসচেতনতা সৃজনের জন্য গাইডলাইন, পত্রজারীর নমুনা ছক আছে। পত্রসমূহে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের নাম লিখে জারী করতে হবে। এ ক্ষেত্রে অফিস সহকারীর সহযোগিতা নেয়া যেতে পারে।

০৪। অপর খামসমূহের মধ্যে প্রতিটি ইউনিয়নের জন্য ১টি করে খাম আছে এবং প্রচার প্রচারণার জন্য গাইডলাইন আছে। প্রতিটি খামে কমপক্ষে ১৩ টি পত্র রয়েছে। চেয়ারম্যান ও মেম্বারগণের নাম ইউনিয়ন পরিষদ সচিবের মাধ্যমে লিখে জারী করতে হবে। প্রচার প্রচারণার গাইডলাইন ইউনিয়ন সচিবের মাধ্যমে কপি করে সকল মেম্বারদেরকে জারী করতে হবে।

০৫। উল্লেখ্য যে, চলতি ২০১৯-২০ অর্থ বছরে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে প্রচার, প্রেসব্রিফিং ও সেমিনার আয়োজনের জন্য ইতোমধ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে গাইডলাইন শীঘ্রই প্রেরণ করা হবে। প্রচার প্রেসব্রিফিং ও সেমিনার আয়োজনের পূর্বেই মন্ত্রী মহোদয়ের অনানুষ্ঠানিক পত্রসমূহ জারী করা প্রয়োজন। এ লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো।

*স্বাক্ষর*  
০৯/১০/১৯

মো: জাহাঙ্গীর আলম  
যুগ্মসচিব( প্রশিক্ষণ)

মেইল: pd.jstp.5685@gmail.com

সেল : ০১৮১৯৫৯৭১১, ফোন: ০২-৪১০৩০২১৬

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি:

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান ( মাননীয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

*স্বাক্ষর*  
০৯/১০/১৯

Imran Ahmad, MP  
Minister  
Ministry of Expatriates' Welfare  
and Overseas Employment  
Government of the People's Republic of Bangladesh



ইমরান আহমদ, এমপি  
মন্ত্রী  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নং-৪৯.০০.০০০০.০১০.৩১.০০১.১৯.

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

জনাব  
উপজেলা নির্বাহী অফিসার  
উপজেলা

জেলা:

প্রিয় ইউএনও

আসসালামু আলাইকুম। আমার শুভেচ্ছা নিবেন।

০২। আপনি অবগত আছেন যে, সরকারের প্রচেষ্টায় প্রতিবছর প্রায় ৭ লক্ষ অভিবাসী কর্মী বিদেশে কর্মসংস্থানের সুযোগ লাভ করছেন। বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে প্রায় ১ কোটি ২০ লক্ষ অভিবাসী কর্মী নানাবিধ কর্মে নিয়োজিত আছেন। তারা প্রতি বছর প্রায় ১৬ বিলিয়নের অধিক মার্কিন ডলার রেমিটেন্স দেশে প্রেরণ করে থাকেন যা জাতীয় অর্থনীতির অন্যতম সহায়ক শক্তি।

০৩। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ২০১৮ সনের নির্বাচনী ইশতেহারের ঘোষণা হচ্ছে “প্রতি উপজেলা থেকে বছরে গড়ে ১০০০ দক্ষ যুবক-যুবতীর বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করা”। এ লক্ষ্যে বিদেশ গমনেচ্ছু ব্যক্তিকে প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানসহ বিদেশ ফেরত কর্মীদের কল্যাণার্থে অত্র মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। সম্প্রতি বিদেশ গমনেচ্ছুক ব্যক্তিদের তথ্য ডাটাব্যাংকে রেজিস্ট্রেশন কার্যক্রম আপাতত ঢাকায় শুরু করা হয়েছে যা পর্যায়ক্রমে সারাদেশে করা হবে।

০৪। আপনি হয়তো অবগত আছেন যে, জনসচেতনতার অভাবের কারণে উচ্চ অভিবাসন ব্যয় নিরাপদ, সুশৃঙ্খল, নিয়মিত ও দায়িত্বশীল অভিবাসন প্রক্রিয়া নিশ্চিতের ক্ষেত্রে বড় অন্তরায়। দুষ্ট দালাল চক্র ও মধ্য-স্বত্ত্বভোগীর প্ররোচনায় অনেকেই অবৈধভাবে বিদেশ যাওয়ার চেষ্টা করছেন ও যাচ্ছেন। এ প্রক্রিয়ায় কেউ কেউ প্রতারিত হচ্ছেন। আবার কেউ কেউ সে দেশে গিয়ে তিনি নিজে বিপদে পড়েন, অনৈতিক কাজে জড়িয়ে পড়েন ও কারাবাস ভোগ করেন। যার ফলে যারা বৈধভাবে বিদেশ যেতে ইচ্ছুক তাদেরকে বিদেশে কর্মসংস্থানের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। প্ররোচিত হয়ে অবৈধভাবে ইউরোপ যাওয়ার পথে ভূমধ্যসাগরে নৌকা ডুবে ইতোমধ্যে অনেক বাংলাদেশী মৃত্যুবরণ করেন যা খুবই দুঃখজনক। অন্যদিকে তাদের এ সব কর্মকাণ্ডের জন্য বৈধভাবে গমনকারী প্রবাসীদের বিভিন্ন সমস্যায় পড়তে হয় এবং দেশের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণ হয়।

০৫। অতিরিক্ত লেনদেন বন্ধের মাধ্যমে গরীব জনসাধারণকে দুষ্ট দালাল চক্রের হাত থেকে রক্ষার জন্য প্রয়োজন ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করা। এ লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের উদ্যোগে জেলা ও উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা ও উপজেলা পর্যায়ে “বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা” শীর্ষক প্রচারণামূলক সেমিনার আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।

০৬। নিয়মিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় আলোচনা করা এবং স্থানীয় জনপ্রতিনিধিসহ সর্বস্তরের সরকারি বেসরকারি কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে মাঠপর্যায়ে কর্মরত কর্মচারী ও সুশীল সমাজকে সম্পৃক্ত করার মাধ্যমে ব্যাপক জনসচেতনতা সৃজনপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত নির্বাচনী ইশতেহার ২০১৮ বাস্তবায়ন করবেন বলে আমি বিশ্বাস করি।

ধন্যবাদান্তে,

ইমরান আহমদ, এমপি  
মন্ত্রী